



তারিখ 12 OCT 1986
ক্যা... 6 5

০০৮
০০৭

উন্নত দেশের শিক্ষাব্যবস্থা উন্নত ধরনের হয়ে থাকে। পৃথিবীর সকল উন্নয়নশীল দেশই চাচ্ছে উন্নত দেশ হওয়ার জন্য। তাই উন্নয়নশীল দেশের শিক্ষাব্যবস্থা উন্নত হওয়ার জন্য প্রচেষ্টা চালানো সকল দেশবাসীর একান্ত কর্তব্য।

সুদ-আসলের চেয়ে আসল বেশী। আমি এবং আমরা সবাই অবাক হওয়ার কথা, টাকা খাটালে সুদের বিনিময়ে লোকসান দিতে হয়। এ অংকের সুদ-আসল যদি ৩,০০০ টাকার পরিবর্তে ৬,০০০ টাকা ধরা হয় দেখবো উত্তরে ভুল। এ ধরনের ভুল

বুককিপিং এবং বাণিজ্য গণিতের শিক্ষকের খুবই অভাব রয়েছে এবং প্রত্যেক স্কুলে বাণিজ্য গণিত এবং বুককিপিং বিষয়ের জন্য দক্ষ শিক্ষক নিয়োগ করা এ দেশের শিক্ষাব্যবস্থা উন্নতির জন্য একান্ত কর্তব্য। এ বইটির মানমোয়নের জন্য

ভুল-ত্রুটিতে পরিপূর্ণ নবম-দশম শ্রেণীর 'বাণিজ্য গণিত ও বুককিপিং'

আমাদের দেশের শিক্ষাব্যবস্থা উন্নত দেশের শিক্ষাব্যবস্থার চেয়ে এতই নিম্নমানের যে, এ দেশের নবম-দশম শ্রেণীর বইও ত্রুটিপূর্ণ থাকে। আমি হয়ত মনে নিতে পারতাম যে, ডিগ্রী পর্যায়ে বইতে যদি ত্রুটি থাকতো তবু শিক্ষাব্যবস্থা উন্নয়নের জন্য এটা মোটেই কাম্য নয়।

নবম-দশম শ্রেণীর 'বাণিজ্য গণিত ও বুককিপিং' বইয়ের প্রথম পুনর্মুদ্রণ হয় ফেব্রুয়ারী ১৯৬৩ সালে। বাংলাদেশ স্বাধীন হওয়ার প্রায় ১৩ বছর পর বইটির পুনর্মুদ্রণ হয় জানুয়ারী ১৯৮৬ সালে। পুরাতন বই থেকে নতুন পুনর্মুদ্রণে যে দু'টি প্রধান ভুল দেখা দিয়েছে নিম্নে তা পেশ করা হলঃ

১- নতুন বইয়ের নতুন অংকে ভুল দেখা দিয়েছে।
২- নতুন অংকের ফল ভুল দেয়া হয়েছে। অর্থাৎ পুরাতন অংকের ফল দেয়া হয়েছে এবং তাও ভুল। এ দু'টো জিনিসই বেশী লক্ষণীয়। আমি একটা উদাহরণ দিচ্ছি—এ ধরনের ভুলের।

প্রশ্নমালা ১০-এর ১৩ নং অংক, কত হারে ৫৮৫৬ টাকা সুদ আসলে ৯ মাসে অন্তত ৩,০০০ টাকা হবে।

এ অংকে আমরা দেখতে পাচ্ছি,

বাণিজ্য গণিতের অনেক অংকেই আছে।

এ বইয়ের বুককিপিং অংশে এতই সংক্ষিপ্ত যে, ছাত্রদের বুঝতে অসুবিধে হয়। বুককিপিং-৩ জাবেদা খতিয়ান নগদান বই-এ চূড়ান্ত হিসেবের উদাহরণের সংখ্যা খুবই কম এবং অনুশীলনীর অংকও খুবই কম। আর সবচেয়ে অসুবিধে যে, বুককিপিং-এর থিয়োরি অংশে খুবই পরিষ্কারভাবে লিখা হয়নি এবং ছাত্রদের বুঝতে খুবই অসুবিধে হয়। বাণিজ্য গণিতের অনেক প্রশ্নমালায় উদাহরণের অংক খুবই সংক্ষিপ্ত এবং এসব সংক্ষিপ্ত অংক অনেক শিক্ষকই গ্রহণ করে না বলে ছাত্ররা মন্তব্য করছে। এ ধরনের সংক্ষিপ্ত অংক গ্রহণীয় নয়, গ্রহণযোগ্যও নয়—তা পরিষ্কারভাবে বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশ করা উচিত শিক্ষা ব্যবস্থা উন্নয়নের জন্য। এ ধরনের ভুলের একটি উদাহরণ দিচ্ছিঃ

সুদ বের করার নিয়ম উদাহরণে দেয়া হয়েছে—

$$\text{সুদ} = \text{আসল} \times \text{হার} \times \text{সময়}$$

এ সূত্রানুযায়ী অংক করলে হবে না— শিক্ষকরা মন্তব্য করেছেন। স্কুলে

মোস্তুফা জসিম রায়হানী

নিম্নলিখিত পরামর্শ রইলোঃ
১- কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিয়ে বইটির মানমোয়নের জন্য পরামর্শ বোর্ড গঠন করা হোক।
২- বুককিপিং অংশের অংকের উদাহরণ এবং অনুশীলনী বাড়ানো হোক।

৩- বাণিজ্য গণিতের প্রতিটি অংকে ভুল আছে কিনা এবং প্রতিটি অংকের যে ফল দেয়া হয়েছে তাও সঠিক কিনা তা পরীক্ষা করা হোক।
৪- বুককিপিং-এর থিয়োরি অংশ নতুন করে পরিষ্কারভাবে লেখা হোক।

এ দেশে বাণিজ্য হিসেব শিক্ষার জন্য স্কুল পর্যায়ে একমাত্র বাণিজ্য গণিত এবং বুককিপিং বিষয়ের ব্যবস্থা রাখা হয়েছে। এ বইটি যদি ত্রুটিপূর্ণ থাকে তবে ছাত্ররা বাণিজ্য শিক্ষার ক্ষেত্রে অনেক পিছিয়ে যাবে। পরিশেষে জাতীয় কারিকুলাম ও টেকস্ট বুক বোর্ডের কাছে সনিবন্ধ নিবেদন 'বাণিজ্যিক গণিত ও বুককিপিং' বইটির ত্রুটিপূর্ণ দিকগুলো ত্রুটিমুক্ত করে বাণিজ্য শিক্ষা সম্প্রসারণের পথ উন্মুক্ত করল।